আনন্দময়ীর আগমনে
শিবদুর্গা বস্ত্রালয়
রঘুনাথগঞ্জ তুলসীবিহার বাটীর
উত্তর দরজা
গ্রাহকগণের সুবিধার্থে মিল ও তাঁতের নানাবিধ ধুতি, শাড়ী, সার্টিং ও কোটিং আমদানী করা হয়েছে। আমাদের দোকানে আসিয়া সুলভে জিনিস ক্রয় করুন।
প্রোঃ—শিবদুর্গা বস্ত্রালয়

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৮শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৯শে কার্ত্তিক বুধবার ১৩৬৮ ইংরাজী 15th Nov. 1961 { ২৭শ সংখ্যা


সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




খাস জনতা
কেরোসিন কুকার
রান্নায় স্বাচ্ছন্দ্য ও নিপুণতা আনবে।
প্রস্তুতকারক:
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।
বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ, নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।
বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

ওয়েষ্ট বেঙ্গল বুক-বাইণ্ডিং হল
এখানে সকল প্রকার বই ও খাতা সুলভে বাঁধান হয়। পরীক্ষা প্রার্থনীয়।
শ্রীজি, সি, ঘোষ, রঘুনাথগঞ্জ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৯শে কার্ত্তিক বুধবার সন ১৩৬৮ সাল।

# ভাই ফোঁটা

কার্ত্তিক মাসের শুক্লা দ্বিতীয়ার নাম ভ্রাতৃ-দ্বিতীয়া। কথিত আছে যে, এই দিবসে যমুনা তাঁহার সহোদর যমরাজকে স্বগৃহে আনয়নপূর্ব্বক অর্চ্চনা করিয়া তাঁহাকে ভোজন করাইয়াছিলেন। এইজন্য কেহ কেহ এই দ্বিতীয়াকে যমদ্বিতীয়া বলিয়া থাকেন। এই দিবসে ভ্রাতা ভগিনী কর্ত্তৃক আমন্ত্রিত হইয়া তদ্দত্ত অন্নাদি গ্রহণ করেন। ভগিনী ভ্রাতাকে নব-বস্ত্রাদি পরিধান করাইয়া তাঁহার কপালে ঘৃত বা চন্দনের ফোঁটা দিয়া থাকেন।

ফোঁটা দিবার সময় ভগিনী বলেন—

"ভাই-এর কপালে দিলাম ফোঁটা
যমের দুয়ারে পড়লো কাঁটা।"

অতঃপর ভগিনী ভ্রাতার হস্তে মিষ্টান্নাদি প্রদান করিয়া জ্যেষ্ঠ কনিষ্ঠাদি ক্রমে প্রণাম বা আশীর্ব্বাদ করেন। পরে অন্নাহারকালে ভগিনী নিম্নোক্ত মন্ত্র বলিয়া ভ্রাতাকে গণ্ডুষ করাইয়া থাকেন।

"ভ্রাতস্তবানুজাতাহং ভুঙ্ক্ষ্ব ভক্তমিদং শুভং।
প্রীতয়ে যমরাজস্য যমুনায়া বিশেষতঃ॥"

ভগিনী জ্যেষ্ঠা হইলে "তবানুজাতাহং" স্থলে "তবাগ্রজাতাহং" বলিতে হয়।

এই দিবস ভ্রাতাও ভগিনীকে বস্ত্রালঙ্কারাদি দ্বারা সম্মানিতা করিবে। ইহাই শাস্ত্র-বিধি। সহোদরা ভগিনী না থাকিলে অন্যান্য সম্পর্কীয়া ভগিনীগণ দ্বারা পূজিত হইবার বিধি আছে। প্রথমতঃ খুড়তুত জ্যেঠতুত ভগিনীর, দ্বিতীয়তঃ মামাত ভগিনীর, তৃতীয়তঃ মাসতুত পিসতুত ভগিনীর নিকট হইতে ফোঁটা ও আহার্য্য গ্রহণ করা বিধেয়।

আমরা এই অনুষ্ঠানের কয়েকদিন আগে হইতে খবরের কাগজে অহিন্দু, অমুসলমান, অথচ নিরাকার ভক্ত অর্থাৎ এক ধর্ম্মতুত ভগ্নী ভ্রাতাকে ফোঁটা দিবেন এই সংবাদ পড়িয়াছিলাম কিন্তু তাহা সংঘটিত হইয়াছে কি না জানি না। তবে একজন স্বনামধন্য কুমার ভ্রাতা অনেক বর্ণের ভোটতুত ভগিনীদের বাম হস্তের কনিষ্ঠাঙ্গুলীর টিপসহি চন্দন কপালে ধারণ করিয়াছেন। এই সংবাদ জানি।

## কর্ত্তব্যনিষ্ঠ কনেষ্টবল

গত ১৫।১০।৬১ তারিখ রাত্রে নাহুর থানার ২ জন কনেষ্টবল, শিয়ালা নামক একটি গ্রামে দাগীর খোঁজে গিয়া তাহাকে বাড়ীতে না পাইয়া তাহার জন্য দফাদার ও চৌকিদার সহ গ্রামের মাঠে একটি ঝোপে লুকাইয়া অপেক্ষা করিতেছিল। রাত্রি প্রায় ৪টার সময় উক্ত দাগী ৪ জন চোরসহ নিকটবর্ত্তী গ্রামে চুরি করিয়া বাড়ী ফিরিতেছিল। উক্ত পুলিশ দল মালসহ আসামীদিগকে গ্রেপ্তার করিয়া থানায় লইয়া আসে। পুলিশের এইরূপ কার্য্য প্রশংসনীয় ও অনুকরণীয়।

## কর্ণেল ভট্টাচার্য্যের কারাদণ্ড

গত ৭ঠা এপ্রিল পশ্চিম বাংলার সীমান্তবর্ত্তী বরিয়া গ্রামে সশস্ত্র পাকপুলিশ প্রবেশ করিয়া সরকারী কার্য্যরত কর্ণেল ভট্টাচার্য্যের দলবলের উপর গুলি বর্ষণ করিয়া তাঁহাকে জখম করিয়া অপহরণ করে। পাকিস্তানে 'গুপ্তচর বৃত্তির' অভিযোগে কর্ণেল ভট্টাচার্য্যকে সামরিক আদালতে অভিযুক্ত করা হয়। বিচারে তাঁহার প্রতি আট বৎসর সশ্রম কারাদণ্ডের আদেশ হইয়াছে।

## উদ্বন্ধনে মৃত্যু

গত ২৮শে কার্ত্তিক মঙ্গলবার জঙ্গিপুরের ডাক্তার ননীগোপাল পাল মহাশয়ের একটি পুত্র গলায় ফাঁস লাগাইয়া মারা গিয়াছে।

## মৎস্যের দর বৃদ্ধি

দিনকয়েক পূর্ব্বে সুবিধা দরে মৎস্য পাওয়া যাইতেছিল। বর্ত্তমানে পুনরায় দর বৃদ্ধি পাইয়াছে।

## স্বাস্থ্য-কেন্দ্র স্থাপনে
### সরকারের শম্বুক-গতি

বিগত ১৯৫১ সালে জঙ্গিপুর মহকুমার সাগরদীঘি থানার তাঁতিবিরল নিবাসী স্বনামধন্য রামব্রহ্ম ভট্টাচার্য্য মহাশয় স্বগ্রামে স্বাস্থ্য-কেন্দ্র স্থাপন মানসে সরকারের নির্দ্দেশক্রমে ৫০০০্ পাঁচ হাজার টাকা সরকারী তহবিলে জমা দিয়াছিলেন। বিগত ১৯৫৬ সালের ২৩শে মার্চ্চ তাঁহার মৃত্যু হইয়াছে। সুদীর্ঘ দশ বৎসরকাল মধ্যে স্বাস্থ্য-কেন্দ্র স্থাপনের কোন সম্ভাবনা দেখা যাইতেছে না। কিছুদিন পূর্ব্বে জঙ্গিপুরের মহকুমা শাসক ও স্বাস্থ্য-বিভাগীয় ভারপ্রাপ্ত ডাক্তার বাবু স্থান নির্দ্দেশ করিয়া গিয়াছেন। এতদঞ্চলে কোন হাসপাতাল বা স্বাস্থ্য-কেন্দ্র না থাকায় গরীব অধিবাসীবৃন্দ বিনা চিকিৎসায় মরণ-মুখস্থ করিতে বাধ্য হইতেছে। মাননীয় স্বাস্থ্য-মন্ত্রী এবং বিভাগীয় কর্ম্মচারিগণ এ বিষয়ে অবহিত হউন।

## যুবক-সঙ্ঘ ব্যায়াম মন্দিরে শারীরিক ব্যায়াম প্রদর্শনী

গত ১২ই নভেম্বর রবিবার রাত্রে রঘুনাথগঞ্জ তুলসীবিহার বাটীতে যুবক-সঙ্ঘ ব্যায়াম মন্দির প্রাঙ্গণে বিশ্বশ্রী মনোতোষ রায় প্রমুখ বিশিষ্ট শিল্পীবৃন্দের উপস্থিতিতে টিকিট করিয়া শারীরিক ব্যায়াম প্রদর্শনী অনুষ্ঠিত হইয়াছে। জঙ্গিপুরের মহকুমা শাসক শ্রীঅমলকৃষ্ণ গুপ্ত মহাশয় উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। সকল সম্প্রদায়ের দর্শকগণই উক্ত অনুষ্ঠানে যোগদান করিয়াছিলেন।

## রঘুনাথগঞ্জ মুরারই মোটরবাস

মাসখানেক হইতে 'গণপতি' নামক মোটরবাস বেলা ১১ ঘটিকায় ও বৈকাল ৫ ঘটিকায় রঘুনাথগঞ্জ হইতে মুরারই যাইতেছে। ইহাতে পশ্চিমগামী যাত্রীদের এবং জরুর, বাড়ালা, নাইত বৈদড়া, মণ্ডলপুর, সাহেবনগর প্রভৃতি গ্রামবাসীদের সুবিধা হইয়াছে।

## বৃত্তি পরীক্ষায় প্রথম স্থান

১৯৬০-৬১ সালের "মিডল স্কলারশিপ" পরীক্ষায় জঙ্গিপুরের অনতিদূরস্থ জোতকমল জুনিয়র হাই স্কুলের ছাত্র শ্রীমান্ গোলাম মরতুজা মুর্শিদাবাদ জেলার মধ্যে প্রথম স্থান অধিকার করিয়া বৃত্তি পাইয়াছে। আমরা মরতুজার সাফল্যলাভের জন্য উক্ত স্কুলের শিক্ষক মহাশয়গণকে ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।

---

## ভেজাল দ্রব্য বিক্রয়ে দণ্ড

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর স্বাস্থ্য-পরিদর্শক মহাশয়ের অভিযোগক্রমে গত ৮ই নভেম্বর জঙ্গিপুর ফৌজদারী আদালতের বিচারক মহোদয় ভেজাল ছানা বিক্রয়ের অপরাধে বালিঘাটা নিবাসী শ্রীগুণেন্দ্র ঘোষকে ২৫৲ টাকা, আহিরণ নিবাসী শ্রীতারণ ঘোষকে ২৫৲ টাকা, আহিরণ নিবাসী শ্রীসতীশ ঘোষকে ২৫৲ টাকা, ভেজাল সরিষার তৈল ও নারিকেল তৈলের জন্য রঘুনাথগঞ্জ ফাঁসীতলা নিবাসী শ্রীবীরেন্দ্র ঘোষকে ১৫৲ টাকা, ভেজাল নারিকেল তৈলের জন্য বালিঘাটা নিবাসী শ্রীমাণিক সাহাকে ১৫৲ টাকা এবং ভেজাল সরিষার তৈল ও নারিকেল তৈলের জন্য বালিঘাটা নিবাসী শ্রীহিয়াত সেখকে ৩০৲ টাকা অর্থদণ্ডে দণ্ডিত করিয়াছেন।

---

## পশ্চিমবঙ্গে সিমেন্টের মূল্য সংশোধন

শুল্ক কমিশনের সুপারিশক্রমে, ভারত সরকার যে মূল্যে ১৯৬. সালের নভেম্বর হইতে ষ্টেট ট্রেডিং কর্পোরেশন কর্ত্তৃক দেশীয় প্যাক করা পোর্টল্যাণ্ড সিমেণ্ট বিক্রয় করা হইবে উহা পুনর্দ্ধার্য করিয়াছেন। তদনুসারে পশ্চিমবঙ্গ সরকার ১৯৬১ সালের ১লা নভেম্বর হইতে, সিমেণ্ট কারখানাগুলি কর্ত্তৃক প্রেরিত ঐরূপ সিমেণ্টের বেলা কলিকাতার লাইসেন্সধারী সিমেণ্ট ব্যবসায়িগণ যে মূল্যে দেশীয় প্যাক করা পোর্টল্যাণ্ড সিমেণ্ট বিক্রয় করিতে পারিবেন উহা পুনর্দ্ধার্য করিয়া মেট্রিক টন প্রতি ১৪০ টাকা ৭৬ নয়া পয়সা (কেন্দ্রীয় বা রাজ্য কর বাদে) নির্দ্ধারিত করিয়াছেন। —প্রেসনোট

---

## রাস্তার দুরবস্থা

জঙ্গিপুর মহকুমার সাগরদীঘি থানার জেলা-বোর্ডের কয়েকটী রাস্তার শোচনীয় অবস্থার জন্য গোগাড়ী চলাচল করাও দুঃসাধ্য হইয়াছে।

(১) বন্যেশ্বর ইউনিয়নের হাজীপুর বন্যেশ্বর রাস্তার ২।৩ জায়গায় বর্ষার জলের চাপে কাটিয়া গিয়া গর্ত্ত হওয়ায় গোগাড়ী চলাচল কঠিন হইয়াছে।

(২) উক্ত ইউনিয়নে আথুয়া গ্রামের মধ্যবর্ত্তী রাস্তার মাঝে মাঝে গর্ত্ত হওয়ায় গোগাড়ী চলাচল কঠিন হইয়াছে। রাস্তার পার্শ্ববর্ত্তী অধিবাসীরা রাস্তার পার্শ্বে ঘর বা প্রাচীরের দেওয়াল দিতে আরম্ভ করায় রাস্তার কতকাংশ খাল হইতেছে।

(৩) মোড়গ্রাম ইউনিয়নে মোড়গ্রাম স্কুলের সম্মুখের রাস্তায় একটী পুষ্করিণীর নিকটে রাস্তায় খুব বড় কাটান থাকায় গোগাড়ী চলাচলে বিশেষ অসুবিধা হইতেছে।

(৪) বোখারা ইউনিয়নে বোখারা ডাকবাংলা হইতে রেলষ্টেশন পর্য্যন্ত রাস্তায় সাঁকো বাজারে শ্রীমন্ মহম্মদ হোসেনের দোকানের সম্মুখে প্রকাণ্ড গর্ত্ত হওয়ায় গোগাড়ী, ট্যাক্সি, মোটরবাস প্রভৃতি কোন যানই চলাচল করিতে পারে না।

রেলযাত্রিগণকে মোড়গ্রাম ষ্টেশন হইতে ডাক-বাংলা পর্য্যন্ত হাঁটিয়া আসিয়া মোটরে চাপিতে হয়। রাত্রিকালে অন্ধকারে যাত্রিগণকে ভীষণ অসুবিধা ভোগ করিতে হয়। মহিলা যাত্রিগণের কষ্টের পরিসীমা নাই। এই রাস্তায় সাগরদীঘির বি, ডি, ও, প্রমুখ হোমড়াচোমড়া ব্যক্তিগণ প্রায়ই যাতায়াত করেন কিন্তু এই অসুবিধা দূর করার কোন প্রচেষ্টা দেখা যায় না। রাস্তার এইরূপ দুরবস্থা দেখিয়া মনে হয় এর মালিক কেহ নাই। সাগরদীঘির বি, ডি, ও, শ্রী চণ্ডিপ্রিয় মিত্র মহাশয় অচিরে ইহার সুব্যবস্থা করিয়া জনসাধারণের অসুবিধা দূর করুন।

---

## বৃত্তিলাভ

মুর্শিদাবাদ জেলা প্রাথমিক শেষ পরীক্ষায় ঘাটবন্দর বালিকা বিদ্যালয়ের ছাত্রী কুমারী মীনা সাহা বৃত্তিলাভ করিয়াছে।

---

## অষ্টপ্রহর হরিনাম সংকীর্ত্তন

কাঞ্চনতলা হরিসভার বাৎসরিক উৎসব উপলক্ষে গত ১৯শে ও ২০শে কার্ত্তিক অষ্টপ্রহর হরিনাম সংকীর্ত্তন হয়। বহরমপুর গোরাবাজার বিন্দুমঠের প্রসিদ্ধ কীর্ত্তন-গায়ক শ্রীগোপাল দাস বাবাজীর সুললিত কীর্ত্তন গানে শ্রোতাগণ ও ভক্তবৃন্দ বিশেষ মুগ্ধ হন। উৎসব উপলক্ষে পনর শত দরিদ্র নারায়ণকে সেবা করান হইয়াছে।

---

## কলির দ্রৌপদী

সংবাদ-পত্রে প্রকাশ—কানপুরের একব্যক্তি জুয়াতে সমস্ত জিনিসপত্র হারিয়া গিয়া শেষে তাহার স্ত্রীকে বাজি রাখিয়া খেলে এবং তাহাতেও হারিয়া যায়। বিজয়ী জুয়াড়ী কলির যুধিষ্ঠিরকে সঙ্গে লইয়া তাহার স্ত্রী দখল করিতে যায়। নব-দ্রৌপদী সব বিষয় অবগত হইয়া তাহার স্বামী ও বিজেতাকে পাদুকা-প্রহারে জর্জ্জরিত করিয়া জুয়ার নেশা ভাঙ্গিয়া দেয়।

---

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা জানানো হইতেছে যে আমি আহিরণ দেশবন্ধু ফিসার-মেন কো-অপারেটিভ সোসাইটী লিঃ এর ১।৭।৬০ তাং হইতে ৩০।৬।৬১ তাং পর্য্যন্ত "বার্ষিক হিসাব" পরীক্ষা (Statutory audit) করিতেছি। সকল অংশীদার, পাওনাদার ও দেনদারগণকে অনুরোধ করা হইতেছে, তাঁহারা যেন ৩০।৬।৬১ তারিখ পর্য্যন্ত সমিতির নিকট নিজ নিজ দেনা-পাওনার এবং অংশের হিসাব মিলাইয়া দেখেন এবং কোনরূপ অসঙ্গতি লক্ষ্য করিলে তাঁহারা নিম্নস্বাক্ষরকারীর সহিত ব্যক্তিগত-ভাবে আগামী ১৯।১১।৬১ তারিখের মধ্যে সমিতির অফিসে উপস্থিত হইয়া ঐরূপ অসঙ্গতির কথা জানাইবেন। অন্যথায় সমিতির প্রদর্শিত হিসাবই নির্ভুল বলিয়া গণ্য হইবে।

পৃথকভাবে হিসাবের নির্ভুলতা নির্দ্ধারক পত্র (Verification slip) দেওয়া হইবে না। ১৫।১১।৬১

শ্রীরামগতি মুখোপাধ্যায়,
অডিটর, কো-অপারেটিভ সোসাইটিজ, জঙ্গিপুর।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

সাধনা ঔষধালয়ের প্রস্তুত আদর্শ দাঁতের মাজন **সাধনা দশন** এবং অন্যান্য ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী।
রঘুনাথগঞ্জ (সদরঘাট)

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট কলিকাতা-৬
টেলিগ্রাম: "আর্ট ইউনিয়ন" টেলিফোন: [illegible] ৪১৯

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্ল্যাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটি, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার [illegible]
সর্ব্বদা সুলভ মূল্যে [illegible]

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে [illegible] তৈয়ারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১'১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেন্ট:—**ডাঃ ডি, ডি, হাজরা**
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

## হ্যানিম্যান হল

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয়। আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেণ্ট **"আইওলিন"** চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

হ্যানিম্যান হল, খাগড়া, মুর্শিদাবাদ